তারিখ ... 05 AUG 1997 ...

পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ......

দৈনিক ইত্তেফাক

33

# ডিপ্লোমা প্রকৌশলীদের বিআইটি ও বুয়েটে ভর্তির সুযোগ চাই

আমাদের দেশে মোট ২০টি পলিটেকনিক ইনষ্টিটিউট আছে। এই সব পলিটেকনিক ইনষ্টিটিউট হইতে প্রতিবছর আট-নয় হাজার ছাত্র-ছাত্রী পাস করিয়া বাহির হয়। তাঁহাদেরকে এইচ এস সি-এর সমমান ধরা হয়। কিন্তু দুঃখের বিষয়, শুধুমাত্র গাজীপুরে অবস্থিত বি, আই, টি ছাড়া অন্য কোন বি, আই, টি-তে বা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এ এইসব ছাত্র-ছাত্রীকে ভর্তির সুযোগ দেওয়া হয় না। একজন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাস ছাত্রের এইচ, এস, সি-এর বিষয় ছাড়াও ইঞ্জিনিয়ারিং বিষয়ের উপর ৩ বছর লেখাপড়া করিতে হয়। পক্ষান্তরে একজন এইচ, এস, সি (বিজ্ঞান) শাখার ছাত্রকে অধ্যয়নকালে কোন ইঞ্জিনিয়ারিং বিষয়ের উপর পড়াশুনা করিতে হয় না। দুই বছর অধ্যয়নের পর তাহারা যদি বুয়েটে বি,এসসি ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ পায়, তবে কোন্ যুক্তিতে তিনবছর অধ্যয়নের পর ডিপ্লোমাধারীগণ বি,এসসি ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ পাইবে না তাহা বোধগম্য নয়। চাকুরীর ক্ষেত্রে এরকম ডিপ্লোমা ইঞ্জিনিয়ারকে ২য় শ্রেণীর পদমর্যাদায় উপ-সহকারী প্রকৌশলী হিসাবে নিয়োগদান করা হয়। তাই আমি মনে করি কারিগরি শিক্ষার সম্প্রসারণের জন্য বর্তমানে প্রচলিত প্রথার পাশাপাশি ডিপ্লোমাধারী প্রকৌশলীগণকে সব বি,আই,টি ও বুয়েটে ভর্তি হওয়ার সুযোগ দিয়া তাহাদের বি,এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জনের সুযোগ দেওয়া আবশ্যক। বিষয়টি বিবেচনা করার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—প্রকৌশলী হুমায়ুন কবীর,
প্রিন্স রোড, থানাপাড়া, টাংগাইল।